



WBCLA

News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. XIX/XX July-2010— December, 2010, January-December, 2011 No. 3-4/1-4

সম্পাদকীয়

পশ্চিমবঙ্গে রাজনৈতিক পট পরিবর্তনে স্বাভাবিকভাবেই আমাদের দীর্ঘদিনের সমস্যাগুলির সমাধান হবে এই ধরনের আশা অমূলক নয়। তা'ছাড়া, গত ৭/২/২০১১ কলকাতা হাইকোর্টের মাননীয় বিচারপতি মহারাজ সিন্হার রায়টি উল্লেখযোগ্য। প্রসঙ্গত জানানো যায় যে উক্ত রায়টি হাইকোর্টের বিচারপতিগণের যথা মাননীয় বিচারপতি ভাস্কর ভট্টাচার্য এবং মাননীয় বিচারপতি জ্যোতির্ময় ভট্টাচার্যের আগের রায়গুলির পর্যালোচনার পরিপ্রেক্ষিতে রায়টি প্রকাশের চার সপ্তাহের মধ্যেই কার্যকরী করার জন্য প.ব. সরকারকে জানানো হয়েছে। মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী তৎসহ উচ্চশিক্ষা দপ্তরের পরামর্শদাতা কমিটির সভাপতি অধ্যাপক সুনন্দা সান্যাল মহাশয়কেও উক্ত রায়-এর প্রতিলিপি পাঠানো হয়েছে। উচ্চ শিক্ষা দপ্তরের প্রিন্সিপাল সেক্রেটারি এবং ডিপিআইকে গত ৮/৩/২০১১ তারিখে জমা দেওয়া হয়েছে। সম্প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কেও আমাদের ব্যাপারে যথারীতি জানানো হয়েছে। চিঠিগুলি বর্তমান সংখ্যাটিতে প্রকাশ করা হল, কিন্তু সরকার হাইকোর্টের রায়টি যথাসময়ে কার্যকরী না ক'রে গত ৭/৭/২০১১ কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ-এ আপীল করেছে। সংখ্যাটিতে আবেদনের প্রতিলিপি প্রকাশ করা হল। সুতরাং, সকল কলেজ গ্রন্থাগারিকদের নিশ্চয়ই বুঝতে অসুবিধা হবে না যে আমাদের দীর্ঘ দিনের সমস্যাগুলি সমাধানের জন্য আরোও লড়াই করতে হবে। সরকার সমস্যাগুলি সমাধানের সদিচ্ছা প্রকাশের পরিবর্তে অসহযোগিতার সবরকম পথ অবলম্বন করছে। সমিতির তরফ থেকে যথারীতি এ্যাডভোকেট নিযুক্ত করা হয়েছে। সকলের জ্ঞাতার্থে জানাই এজন্য পর্যাাপ্ত অর্থের প্রয়োজন, ইতিমধ্যে বহু গ্রন্থাগারিক বন্ধুগণ (অবসরপ্রাপ্ত এবং কর্মরত) যথাসাধ্য সাহায্য করেছেন। এঁদের মধ্যে অধিকাংশ বন্ধুরা আরোও সাহায্যের আশ্বাস দিয়েছেন। সংখ্যাটিতে দাতাগণের নাম প্রকাশ করা হল। যাঁদের নাম বাদ পড়েছে অনিচ্ছাকৃত ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করি। আমাদের দৃঢ় বিশ্বাস সকলের সাহায্যে, সহযোগিতায় কলেজ গ্রন্থাগারিকদের দীর্ঘদিনের মূল সমস্যা-পদমর্যাদা ও চাকুরীর শর্তাবলী তৎসহ Leave Encashment-এর সুবিধা যেটি সরকারের সর্বস্তরের কর্মচারীগণ, কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষাকর্মীরা পেয়ে থাকেন, সমাধানে আমরা সফল হবে। ভারতের বেশীর ভাগ রাজ্যের যথা-দিল্লী, পাঞ্জাব, তামিলনাড়ু, মহারাষ্ট্র, মুম্বাই, উত্তরপ্রদেশ, কেরালা, অন্ধপ্রদেশ প্রভৃতি গ্রন্থাগারিকগণ দীর্ঘ দিন আগেই উক্ত সুবিধাগুলি ভোগ করছেন, পশ্চিমবঙ্গের কলেজ গ্রন্থাগারিকগণকে এখনও উক্ত সমস্যা সমাধানের জন্য High Court-এর মাধ্যমে যেতে বাধ্য হতে হয়েছে। এটা খুবই লজ্জার এবং গভীর পরিতাপের বিষয়।

আসুন, পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিকবন্ধুগণ, সমষ্টিগতভাবে উক্ত সমস্যা সমাধানের জন্য দৃঢ় প্রতিজ্ঞ হই।